



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

৮ শ্রাবণ, ১৪২৭

তারিখঃ

২৩ জুলাই, ২০২০

এসিডি সার্কুলার নং-০৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।

সম্প্রতি বাংলাদেশের বিভিন্ন জেলায় (লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, নীলফামারী, রংপুর, সিলেট, সুনামগঞ্জ, সিরাজগঞ্জ, বগুড়া, টাঙ্গাইল, জামালপুর, ফরিদপুর, শরীয়তপুর, রাজবাড়ী, মাদারীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, ফেনী, নেত্রকোনা, ঢাকা, নওগাঁ) অতি বৃষ্টি এবং নদ-নদীর পানি বৃদ্ধির ফলে সৃষ্ট আকস্মিক বন্যায় কৃষিজাত ফসলের ক্ষতি হওয়ায় এতদঞ্চলের কৃষকগণ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন।

এমতাবস্থায়, উপরোক্ত জেলাসমূহে আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবেলায় নিম্নোক্ত পদক্ষেপসমূহ আশু বাস্তবায়ন করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো :

- ১) ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহে কৃষকদের ক্ষতি কাটিয়ে উঠে কৃষি উৎপাদন কর্মকান্ড অব্যাহত রাখার লক্ষ্যে ফসল, মৎস্য ও প্রাণি সম্পদ খাতে প্রকৃত চাহিদা ও বাস্তবতার নিরিখে নতুন ঋণ বিতরণ;
- ২) পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ আদায় স্থগিতকরণ, ডাউন পেমেন্ট এর শর্ত শিথিলপূর্বক ঋণ পুনঃতফসিলীকরণ সুবিধা প্রদান;
- ৩) নতুন করে কোন সার্টিফিকেট মামলা না করে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অনাদায়ী ঋণসমূহ তামাদি হওয়া প্রতিবিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দায়েরকৃত সার্টিফিকেট মামলা গুলোর তাগাদা আপাততঃ বন্ধ রেখে সোলেনামার মাধ্যমে মামলার নিষ্পত্তিকরণ;
- ৪) বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকগণ যাতে প্রকৃত চাহিদা মোতাবেক যথাসময়ে নতুন ঋণ সুবিধা গ্রহণ করতে পারেন এবং ঋণ পেতে কোনরূপ হয়রানির শিকার না হন সে বিষয়টি নিবিড়ভাবে তদারকি করণ;
- ৫) এছাড়া, ক্ষতিগ্রস্ত কৃষকদের পুনর্বাসনের লক্ষ্যে বসতবাড়ির আঙিনায় হাঁস-মুরগী ও গবাদী পশু পালন, গো-খাদ্য উৎপাদন ও ক্রয় এবং অন্যান্য আয় উৎসারী কর্মকান্ডে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

এ বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি সংযোজিত ছকে আগামী ৩১/১০/২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোসাম্মাৎ সেতারা খাতুন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)

ফোনঃ ৯৫৩০২২৩

সাম্প্রতিক বন্যায় দেশের বিভিন্ন জেলায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি ঋণ সুবিধা প্রদানঃ ২০২০

ব্যাংকের নামঃ

সময়কালঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জেলার নাম	খাতের নাম	নতুন ঋণ গ্রহীতা কৃষকের সংখ্যা	নতুন ঋণ বিতরণের পরিমাণ	পুনঃতফসীলকৃত ঋণের সংখ্যা	পুনঃতফসীলকৃত ঋণের পরিমাণ	সোলেনামার মাধ্যমে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	মন্তব্য

x